

৩০ হাজার শিক্ষার্থী আইটিতে দক্ষ হতে প্রশিক্ষণ পাচ্ছে



তথ্যপ্রযুক্তিতে দক্ষ পেশাজীবী হতে প্রশিক্ষণের সুযোগ পাচ্ছে দেশের বিভিন্ন সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয় ও ইন্সটিটিউটের ৩০ হাজার শিক্ষার্থী। সরকারের লিডারজিং আইসিটি ফর গ্রোথ, অ্যান্ড ইনভেস্টমেন্ট (এলআইসিটি) প্রকল্পে এ প্রশিক্ষণ দেয়া হচ্ছে। শনিবার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনায়েদ আহমেদ পলক, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান

প্রফেসর ড. একে আজাদ চৌধুরী এবং ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়সম্পর্কিত স্থায়ী কমিটির চেয়ারম্যান ইমরান আহমেদ চৌধুরী এ প্রশিক্ষণ কার্যক্রমের উদ্বোধন করবেন। রাজধানীর হোটেল সোনারগাঁওয়ে বিকাল ৫টায় এ অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী। এলআইসিটি প্রকল্পে এ উচ্চতর প্রশিক্ষণ দিচ্ছে যুক্তরাজ্যভিত্তিক বহুজাতিক প্রতিষ্ঠান আনেষ্ট অ্যান্ড ইয়ং

(ইওয়াই)। প্রকল্পটিতে ৩৪ হাজার শিক্ষার্থীকে তথ্যপ্রযুক্তি পেশাজীবী হিসেবে গড়ে তোলার উদ্যোগ নেয়া হয়েছে। তিন ধরনের এ প্রশিক্ষণে একটিএফএল কর্মসূচিতে ৪ হাজার, টপ-আপ আইটি প্রশিক্ষণে ১০ হাজার এবং আইটিসক্ষম সেবা (আইটিইএস) বিনিয়াদি প্রশিক্ষণে ২০ হাজার তরুণ-তরুণীকে দক্ষ করে তোলা হবে। এলআইসিটি প্রকল্পে দক্ষ মানবসম্পদ তৈরির প্রশিক্ষণে অন্তত ৩০ শতাংশ নারীর অংশগ্রহণ নিশ্চিত করার উদ্যোগ নেয়া হয়েছে। উল্লেখ্য, ২০১৪ সালের ১০ সেপ্টেম্বর শেষ হওয়া একটিএফএল প্রশিক্ষণের ৪ হাজারের মধ্যে প্রথম ব্যাচে ১৪৮ জনের মধ্যে ৭০ জনের বিভিন্ন আইটি শিল্প ও প্রতিষ্ঠানে চাকরি হয়েছে। অনেকে একাধিক কাজের প্রস্তাবও পেয়েছেন। সম্মতি দ্বিতীয় ব্যাচে ১২৪ জনের তিন মাসের প্রশিক্ষণ শুরু হয়েছে কুমিল্লা বাংলাদেশ একাডেমি অব রুরাল ডেভেলপমেন্টে (বার্ডে)। আর শনিবার শুরু হতে যাচ্ছে প্রকল্পের সবচেয়ে বড় অংশের প্রশিক্ষণ।

—সুমাইয়া রহমান শীমা